



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর
www.bbaggc.edu.bd

ফোন : ২২৪৪২৩৩৪৫
ই-মেইল : bbacollege@gmail.com

তারিখ: ০১/০৩/২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান ও পাস) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, যে সকল শিক্ষার্থী ২০২২ সালের এসএসসি বা দাখিল ও ২০২১ সালের এইচএসসি বা আলিম চূড়ান্ত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বোর্ড বৃত্তি (মেধা ও সাধারণ কোটা) পেয়েছে তাদের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে শিক্ষার্থীদের (নিজ নামের) ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে। এমতাবস্থায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে কলেজ অফিসের হিসাব শাখা হতে তথ্য ফরম সংগ্রহ করে পূরণপূর্বক নিম্নে উল্লিখিত কাগজপত্রসহ আগামী ১২/০৩/২০২৩ তারিখের মধ্যে জমা দেয়ার জন্য বলা হলো। উক্ত সময়ের মধ্যে যে সকল শিক্ষার্থী তাদের পূরণকৃত ফরম ও কাগজপত্র জমা দিতে ব্যর্থ হবে তাদের বৃত্তি বকেয়া/তামাদি হওয়ার দায়ভার কলেজ কর্তৃপক্ষ বহন করবে না।

যে সকল কাগজ পত্র জমা দিতে হবে:

১. শিক্ষার্থীর কলেজ আইডি কার্ডের ফটোকপি;
২. শিক্ষার্থী যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়ে বোর্ড বৃত্তি পেয়েছে সে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত বোর্ড বৃত্তির প্রত্যয়নপত্রের মূলকপি;
৩. শিক্ষার্থীর বৃত্তির গেজেটের এক সেট ফটোকপি;
৪. বাংলাদেশ ব্যাংক অনুমোদিত অনলাইন সুবিধাসম্পন্ন যে কোন তফসিলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নামে সঞ্চয়ী হিসাব খুলে সে হিসাবের স্টেটমেন্ট (ব্যাংক হিসাব নম্বর অবশ্যই কমপক্ষে ১৩ সংখ্যার হতে হবে);
৫. যে পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বৃত্তি পেয়েছে সে পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি;
৬. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
৭. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদের ফটোকপি;


(প্রফেসর মাসুদা সিকদার)

অধ্যক্ষ

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ

গাজীপুর

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

অনুলিপি:-

- ১) উপাধ্যক্ষ, ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ;
- ২) বিভাগীয় প্রধান (সকল), ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ;
- ৩) কলেজ ওয়েবসাইট, ফেসবুক ও নোটিশ বোর্ড;
- ৪) অফিস নথি।